জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ
পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

স্মারক নং-০-৫(১৮)জাতীঃ বিঃ/পরী/অনার্স পার্ট-৪/২০১৪/২০২২/২০২৪/৪১৩৯ তারিখঃ ১২/০২/২০২৪

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স ৪র্থ বর্ষ - ২০২২ সালের বিএ, বিএসএস, বিবিএ এবং বিএসসি পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম **On-line** এর মাধ্যমে আগামী ১৫/০২/২০২৪ ইং তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচী এবং অন্যান্য সকল তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ বিষয়ক তথ্যাবলীর
ওয়েব সাইটঃ **ems.nu.ac.bd** অথবা **www.nubd.info/formfillup**

০১। আবেদন ফরম পূরণ ও সোনালী সেবা বিবরণী ফরম জমাদানের সময়সূচী/নিয়মাবলী ঃ

ক)	আবেদনকারী পরীক্ষার্থীদের **On-line**এ আবেদন ফরম ডাউনলোড করার সময়সীমা ঃ	১৫/০২/২০২৪ ইং থেকে ০৭/০৩/২০২৪ ইং তারিখ পর্যন্ত
খ)	আবেদন ফরম কলেজ কর্তৃক নিশ্চয়নের শেষ তারিখ ঃ	১৫/০২/২০২৪ ইং থেকে ১৪/০৩/২০২৪ ইং পর্যন্ত
গ)	**Pay Slip** সংগ্রহ ও সোনালী সেবার মাধ্যমে ফি এর অর্থ জমাদানঃ (বিস্তারিত- ১০ নং-এ দ্রষ্টব্য)	১৮/০৩/২০২৪ ইং থেকে ২১/০৩/২০২৪ ইং তারিখ পর্যন্ত
ঘ)	বিঃ দ্রঃ	পরীক্ষার্থীদের অন-লাইনে এন্ট্রিকৃত বিবরণী ফরম, হিসাব বিবরণী ফরম এবং ইনকোর্স নম্বরের মূল কপি ও প্রিন্ট কপি বিষয়ওয়ারী আলাদাভাবে সিলগালা করে স্ব-স্ব কলেজ ফলাফল প্রকাশের পর ০৬ মাস পর্যন্ত সংরক্ষণ করবেন।

০২। আবেদন ফরম পূরণের নির্ধারিত ফি ঃ

ক্র ম.	বিবরণ	নির্ধারিত ফি
ক)	তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি পূর্ণ পত্রের জন্য)	২৫০/-
খ)	তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি অর্ধ পত্রের জন্য)	১৫০/-
গ)	ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র/কোর্সের জন্য)	২৫০/-
ঘ)	মৌখিক পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)	২৫০/-
ঙ)	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) i) বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা ii) কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা	৩০০/-
চ)	মনোবিজ্ঞান এবং সঙ্গীত (থিসিস/তত্ত্বীয়) বিষয়ের প্র্যাকটিক্যাল রিসার্স/প্রজেক্ট ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- i) বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ২০০/- টাকা। ii) কলেজের বিভাগীয় ফান্ডে জমা হবে ১০০০/- টাকা।	১২০০/-
ছ)	বিশেষ অর্ন্তভূক্তি ফি প্রতি পরীক্ষার্থীর জন্য (গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	৩০০/-

ক্র ম.	বিবরণ	নির্ধারিত ফি
জ)	সাময়িক সনদ ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) (অনিয়মিত পরীক্ষার্থী যারা পূর্বে ফরম পূরন করেছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)	৩০০/-
ঝ)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) (অনিয়মিত পরীক্ষার্থী যারা পূর্বে ফরম পূরন করেছে তাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়)	৫০০/-
ঞ)	কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থীর জন্য)- i) কলেজের অংশ- ১৫০ টাকা ii) কেন্দ্রের অংশ- ৩০০ টাকা	৪৫০/-
ট)	কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী কোর্স প্রতি) - কলেজ ফান্ডে জমা হবে	১৫০/-
ঠ)	সমাজকর্ম এবং ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- i) বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা। ii) কলেজের বিভাগীয় ফান্ডে জমা হবে ১০০০/- টাকা।	১১০০/-

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পরে জরিমানা দিয়ে ফরম পূরণের কোন সুযোগ থাকবে না।

*** কেন্দ্র ফি হিসেবে আদায়কৃত মোট অর্থের পরীক্ষার্থী প্রতি ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা নিজ কলেজের পরীক্ষা সংক্রান্ত খরচের জন্য রেখে পরীক্ষার্থী প্রতি ৩০০/- (তিনশত) টাকা হারে নির্ধারিত পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট রোল নম্বর/রেজিঃ নম্বর বিবরণীসহ পরীক্ষা অনুষ্ঠানের ০৩ (তিন) দিন পূর্বেই জমা দিতে হবে।

আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমার ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী :

০৩। অনলাইনে আবেদন ফরম পূরণ :
আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (**http://ems.nu.ac.bd/student-login**)-এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথ ভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফি সহ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

০৪। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত যে সকল শিক্ষার্থী ২০২১ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

খ) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নিবন্ধিত যে সকল পরীক্ষার্থী অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে অথবা অনুপস্থিত রয়েছে তারা ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় ঐ সকল কোর্সে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবেন।

গ) ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ এবং ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবেন।

ঘ) শুধুমাত্র ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) পরীক্ষার্থীদের বিশেষ বিবেচনায় পরীক্ষায় অংশগ্রহণের জন্য সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা বিশেষ ফি (এক বা একাধিক কোর্সের জন্য F গ্রেড প্রাপ্ত সমভাবে) প্রদান সাপেক্ষে আবেদন ফরম পূরণ করতে পারবেন। রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না।

উল্লেখ্য, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে অথবা অংশগ্রহণ করে পুনরায় অকৃতকার্য হলে অথবা ফরম পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ না করলে পরবর্তীতে তারা কোন অবস্থাতেই পরবর্তী বছর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবেন না।

০৫। অনার্স পাঠ্যসূচী(Syllabus)ঃ

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের বিএ, বিএসএস, বিবিএ, বিএসসি অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৬। অনলাইনে আবেদন ফরম পূরণের পদ্ধতি (পরীক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login)-এ প্রবেশ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী ফরম পূরণের আবেদন করতে হবে। আবেদন ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে। ফি সহ প্রিন্টকৃত কপি আবেদনকারীকে কলেজের স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

খ) আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

গ) আবেদনকারীকে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি ছবি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করে দিতে হবে।

০৭। কলেজের জন্য করণীয় ঃ-

ইনকোর্স পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) নিয়মিত সকল পরীক্ষার্থীর সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক ২০% নম্বরের একটি ইনকোর্স পরীক্ষা গ্রহণ করে প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে অন-লাইনে এন্ট্রি করতে হবে।

খ) আবেদন ফরম পূরণের সময় পরীক্ষার্থীর ইনকোর্স পরীক্ষায় প্রাপ্ত নম্বরের মূল ম্যানুয়াল কপি থেকে On-line রেজিষ্ট্রেশন নম্বরের বিপরীতে নম্বর এন্ট্রি করার পর প্রিন্ট কপি মূল ম্যানুয়াল কপির সাথে যাচাই পূর্বক বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ মহোদয় কর্তৃক স্বাক্ষর করবেন। মূল ম্যানুয়াল ও প্রিন্ট কপিগুলো বিষয়ওয়ারী আলাদা খামে সিলগালা করে বিবরণী ফরম সহ পরীক্ষার ফলাফল প্রকাশের পর ০৬ (ছয়) মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজ সংরক্ষণ করবেন। কোন পরীক্ষার্থীর ইনকোর্সের নম্বরে সমস্যা হলে মূল ম্যানুয়াল কপির বাইরে আলাদাভাবে কোন নম্বর গ্রহণ করা হবে না। ইনকোর্স নম্বর প্রদান না করা হলে পরীক্ষার্থীদের আবেদন গ্রহণ করা হবে না। প্রেরিত ইনকোর্স নম্বরের কোন প্রকার সংশোধন, সংযোজন, বিয়োজন কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না।

০৮। আবেদন ফরম, বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ফরম পূরণের আবেদন ফরম, সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), On-line এ ডাটা নিশ্চয়ন করার পর বিষয় ভিত্তিক পরীক্ষার্থীদের বিবরণী ফরম ও ফি জমাদান ফরম সংগ্রহ/প্রিন্ট করা যাবে।

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি Online-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List), -এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলো বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে College Log-in-এ প্রবেশ করে নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন। Log-in-এর জন্য ওয়েবসাইটে College Profile-কিংবা সংশ্লিষ্ট শাখা থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

খ) প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) এর মধ্যে ০১ (এক) কপি অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে এবং অপর ০১ (এক) কপি ছবি স্ব-স্ব বিভাগে সংরক্ষণ করবেন। বিশ্ববিদ্যালয় থেকে প্রবেশপত্র সরবরাহের পর নির্দিষ্ট স্থানে আঠা দিয়ে ছবি লাগিয়ে তার উপর অধ্যক্ষ মহোদয় কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

গ) পরীক্ষার্থী কর্তৃক On-line এ পূরণকৃত আবেদন ফরম কলেজে জমা দিবেন এবং কলেজ উক্ত পরীক্ষার্থীর ইনকোর্স নম্বরসহ On-line এ নিশ্চয়ন করবেন। শুধু কলেজ কর্তৃক On-line নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।

ঘ) ২০২২ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা বিষয়ক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

ঙ) ইনকোর্স ও মাঠকর্ম পরীক্ষা নম্বর On-line এ এন্ট্রি করার সময় নম্বর প্রেরণে কোন প্রকার ভুল হলে সঙ্গে সঙ্গে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ৪র্থ বর্ষ শাখা বরাবর লিখিতভাবে জানাতে হবে। ভুল সংশোধনের ক্ষেত্রে মূল ম্যানুয়াল নম্বরকে (বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ মহোদয় কর্তৃক স্বাক্ষরিত) ভিত্তি হিসেবে ধরা হবে।

০৯। **EMS** সফটওয়ার থেকে ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতার লক্ষ্যে নিম্নোক্ত ফোন নাম্বার সমূহে যোগাযোগ করা যেতে পারে-

১। জনাব মোঃ মেহেদী হাসান, সফটওয়্যার ইঞ্জিনিয়ার, ইএমএস প্রজেক্ট ঃ ০১৬৭৬-২২৭০১৯
২। জনাব মোক্তাদিরুল ইসলাম রাজু, সফটওয়্যার ইঞ্জিনিয়ার, ইএমএস প্রজেক্ট ঃ ০১৬০৯-৬০৫৪৯৪
৩। জনাব মোঃ ইব্রাহীম খন্দকার, এ্যাসিস্টেন্ট ম্যানেজার, ইএমএস প্রজেক্ট ঃ ০১৭১০-৬৫৯০৬৮
৪। জনাব মুহাম্মাদ মানজুরুর রশীদ, প্রোগ্রামার, আইসিটি দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় ঃ ০১৭৩৭-৫৮৩৮৫৯
৫। জনাব আবুল হোসেন, সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ৪র্থ বর্ষ শাখা ঃ ০১৭১৬-৮২৭০৭৪
৬। জনাব মোঃ আবদুর রহিম, সেকশন অফিসার, অনার্স ৪র্থ বর্ষ শাখা ঃ ০১৭১১-১২৫৩৯৮
৭। জনাব এস, এম, রুবেল, অনার্স ৪র্থ বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয় ঃ ০১৮৭৫-৬৫৭৫৪৬

১০। বিশ্ববিদ্যালয়ের ফি জমাদানের পদ্ধতি ঃ

ক) সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের ফি এর সমুদয় অর্থ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত জমা ফরম উল্লেখিত ওয়েবসাইট থেকে ডাউনলোড করে সোনালী সেবা এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের তহবিলে জমা দিতে হবে।
খ) সংশ্লিষ্ট কলেজ উল্লেখিত ওয়েবসাইট-এ **Log-in** করে **Pay Slip** ডাউনলোড করতে হবে। **Pay Slip** এ সংশ্লিষ্ট খাতে হিসাব নম্বর ও উল্লিখিত মোট টাকার অংশের কপি নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।
গ) **Pay Slip** সংগ্রহের জন্য ১৫/০২/২০২৪ সকাল ১০:০০ টা থেকে ০৭/০৩/২০২৪ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত **Link active** থাকবে। নির্ধারিত সময়ের পর **Pay Slip** ডাউনলোড করা বা টাকা জমা দেওয়া যাবে না।
ঘ) সোনালী সেবা সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য জনাব মু. সাইফুল ইসলাম নিশাত, অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (চ.দা.), মোবাইল ০১৩১৩-০৫২৩৬১ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

১১। বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রেসমূহের ঠিকানা ঃ

ঢাকা বিভাগের জন্যঃ জাতীয় বিশ্বদ্যিালয়, গাজীপুর-১৭০৪। ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭ ০২-৯৯৬৬৯১৫৩১।	আঞ্চলিক কেন্দ্রঃ চট্টগ্রাম বাড়ী নং- ৬৬/ডি, রোড নং- ০১ (জামে মসজিদ সংলগ্ন), দক্ষিণ খুলশী, চট্টগ্রাম। ফোনঃ ০৩১-২৮৫৫৮২৮	আঞ্চলিক কেন্দ্রঃ রাজশাহী বাড়ী# ৩৫৪, বালিয়া পুকুর, বড় বটতলা, ঘোড়ামারা, রাজশাহী- ৬১০০। ফোনঃ ০৭২১-৭৬২১৪১
আঞ্চলিক কেন্দ্রঃ রংপুর বাড়ী#৩৯০, ওয়ার্ড নং-০৯, জি এল রায় রোড কামাল কাছনা, রংপুর-৫৪০০। ফোনঃ০৫২১-৫৬০১৫	আঞ্চলিক কেন্দ্রঃ খুলনা বাড়ী#২৭৭. রোড#০১, কেডিএ সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেজ), খুলনা-৯০০০। ফোনঃ ০৪১-৭৩১৬৭৩	আঞ্চলিক কেন্দ্রঃ বরিশাল হোল্ডিং নং#০০০১০০০, ওয়ার্ড নং-১২, মেডিকেল কলেজ লেন, দক্ষিণ আলেকান্দা, বরিশাল-৮২০০। ফোনঃ ০৪৩১-৬১১৬৮
আঞ্চলিক কেন্দ্রঃ সিলেট আহাদ ভিলা, পাঠানটুলা পয়েন্ট, সিলেট। ফোনঃ ০৮২১-৭২৯১০২		

১২। বিবিধ ঃ

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাবহকৃত মূল রেজিঃ কার্ড ও প্রবেশপত্র প্রদর্শন করতে হবে।
খ) পরীক্ষার সময়সূচী যথাসময়ে সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্র সমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
গ) পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষ মহোদয়গণ এ বিষয়ে পরীক্ষার্থীদের অবহিত করবেন।
ঘ) যে সব পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করবে তাদের কলেজ ও বিষয়ওয়ারী তালিকা ওয়েবসাইটে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই প্রকাশ করা হবে। কোন প্রকার সংশোধনী থাকলে প্রবেশপত্র ইস্যুর পূর্বেই সংশোধন করে নিতে হবে।

(বদরুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
ফোনঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইলঃ **controller@nu.ac.bd**

স্মারক নং-০-৫(১৮)জাতীঃ বিঃ/পরী/অনার্স পার্ট-৪/২০১৪/২০২২/২০২৪/৪১৩৯ তারিখঃ ১২/০২/২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। ডীন, স্নাতক পূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৩। পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৪। পরিচালক, জনসংযোগ তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৫। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৬। পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৭। পরিচালক, শৃঙ্খলা ও নিরাপত্তা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৮। অধ্যক্ষ, অনার্স পাঠদানকারী সংশ্লিষ্টসকল কলেজসমূহ;
৯। উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১০। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১১। সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা, বাংলাদেশ।
১৩। অফিস কপি।

(মু. সাইফুল ইসলাম নিশাত)
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (চ.দা.)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
০১৩১৩-০৫২৩৬১
E-mail: dchp4.nu@gmail.com